দৈনিক সংবাদ

C59 তারিখ 28 DEC 1988 পৃষ্ঠা 5 কলাম 7 (80)

## এক বিষয়ে এইচএসসি অকৃতকার্যদের এক বিষয়েই পরীক্ষা নেয়ার প্রস্তাবের প্রতি সমর্থন

গত ১৫ই ডিসেম্বর বৃহস্পতিবার দৈনিক 'সংবাদ'-এর চিঠিপত্র কলামে প্রকাশিত নিখিল কুমার কুণ্ড কর্তৃক লিখিত ''এক বিষয়ে এইচএসসি অকৃতকার্যদের এক বিষয়েই পরীক্ষা নেয়া হোক'' শীর্ষক প্রস্তাবটি খুবই গুরুত্বপূর্ণ এবং বাস্তবোচিত। পত্রের এক উদাহরণ আমি নিজে। আমি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার অধীনে '৮৭ সালে অনুষ্ঠিত উক্ত মাধ্যমিক পরীক্ষায় মানবিক বিভাগ থেকে এদেশের একটি নামকরা সরকারী কলেজের ছাত্র হিসাবে অংশগ্রহণ করি। ফলাফল বেরুলে দেখা যায় আমি ভুগোল বিষয়ে লেটার মার্কসহ মোট ৬০৪ (যদিও আমার আশানুযায়ী বেশ কম) অর্থাৎ প্রথম বিভাগের নাম্বার পেয়েও ইংরেজী ২য়পত্রে মাত্র এক নাম্বারের জন্য অকৃতকার্য হই। হতাশা, বঞ্চনা আর ব্যর্থতার গ্লানি নিয়ে আমার পরীক্ষা দেয়ার জন্য মাত্র দু'মাস সময় হাতে নিয়ে প্রস্তুতি নেই এবং '৮৮ সালে অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহণ করি উক্ত কলেজ থেকে। এবারের ফলাফলে আমি ৫৯৩ (প্রথম বারের তুলনায় দ্বিতীয়বার নাম্বার কম হবে এটাই স্বাভাবিক) নম্বর পেয়েছি ঠিকই কিন্তু আবারো ইংরেজী প্রথম পত্রে মাত্র চার নাম্বারের জন্য অকৃতকার্য হই। যদিও আমার ইংরেজী পরীক্ষা ভাল হয়েছিল। বিজ্ঞ পাঠকবৃন্দ, আপনারাই বলুন এরপর আমার কি করার থাকে? বুকে জমাটবাঁধা কষ্টের পাহাড় নিয়ে সবার কাছ থেকে পালিয়ে বেড়াই। উজ্জ্বল ভবিষ্যৎ থেকে ছিটকে পড়ে গেছি অন্ধকারাচ্ছন্ন গহীন খাদে। চারদিকে শুধু নিকষ কালো অন্ধকার, কোথাও কোন আলো নেই। এই নির্মম ঘটনার শিকার আমি শুধু একা নই। এমন রয়েছে আরো অনেক ছাত্র-ছাত্রী।

তাই অজস্র হতভাগ্যের পক্ষ থেকে সরকার, শিক্ষামন্ত্রণালয় এবং শিক্ষাবোর্ড সমীপে বিনীত নিবেদন এই যে, এক বিষয়ে এইচ এস সি অকৃতকার্যদের এক বিষয়েই পরীক্ষা নেয়া হোক। আশা করি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ গুরুত্বপূর্ণ বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করে শিগ্গিরই তা চালু করবেন।

জনৈক ছাত্র,
ময়মনসিংহ।